FEB 24 20

পৃঃ ১২ · কলাম · ৬

দৈনিক ইত্তেফাক

# খুলনা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের স্মারকলিপি

খুলনা অফিস ॥ গত রবিবার খুলনা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা ছাত্র বিষয়ক পরিচালকের মাধ্যমে ভাইস চ্যান্সেলরের নিকট একটি স্মারকলিপি প্রদান করিয়াছে। উক্ত স্মারকলিপিতে বিশ্ববিদ্যালয়ে ট্রেজারার আবদুর রাজ্জাক সরদারের পদত্যাগ, ২১শে জানুয়ারীর ঘটনার জন্য ছাত্র-ছাত্রীদের বিরুদ্ধে গৃহীত শাস্তিমূলক ব্যবস্থা প্রত্যাহার, ছাত্রীদের আবাসিক সমস্যা নিরসন এবং ২১শে জানুয়ারীর ঘটনা সম্পর্কে গঠিত তদন্ত কমিটির নিকট ছাত্র-ছাত্রীদের বক্তব্য পেশের সুযোগ দেওয়ার দাবী জানানো হইয়াছে।